



চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

২৮ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

**Vetiver Grass (বিল্লা ঘাস) প্রকল্প বাস্তবায়নে মাননীয় মেয়রের সাথে
থাইল্যান্ডের অনারারি কনসাল ও সংশ্লিষ্টদের সাক্ষাত**

চট্টগ্রাম মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে ২৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. সকালে নগরভবনে মেয়র দপ্তরে Vetiver Grass (বিল্লা ঘাস) প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের অনারারি কনসাল আমির হুমায়ুন মাহমুদ চৌধুরী, পিএইচপি ফ্যামিলির ভাইস চেয়ারম্যান মোহাম্মদ মহসিন, বোর্ড সেক্রেটারী নাজমুল হাসান সাক্ষাত করেন। সাক্ষাতে তারা মেয়রকে থাইল্যান্ড থেকে আগত ৫ সদস্যের বিশেষজ্ঞ দলের চট্টগ্রাম নগরীর পাহাড় সমূহ পরিদর্শন এবং তাদের মতামতের উপর ভিত্তি করে প্রাথমিক ভাবে Vetiver Grass (বিল্লা ঘাস) এর পাইলট প্রকল্প বাস্তবায়ন বিষয়ে মেয়র বরাবরে একটি চূড়ান্ত রিপোর্ট পেশ করার কথা অবহিত করেন। বৈঠকে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন Vetiver Grass (বিল্লা ঘাস) প্রকল্প বাস্তবায়নে থাইল্যান্ডের আগ্রহকে সাধুবাদ জানিয়ে বলেন, এই নগরের জলাবদ্ধতা এবং পাহাড় ধসে প্রাণহানি- জনদুর্ভোগ লাঘবে থাইল্যান্ড রাজার আগ্রহে পাহাড় সুরক্ষার পরিকল্পনা গ্রহন করায় চট্টগ্রামবাসী আশান্বিত হয়েছে। এ প্রসঙ্গে মেয়র বলেন, আমাদের বাঙালি বিজ্ঞানি ড. শরীফুল ইসলামের উদ্ভাবন Vetiver Grass (বিল্লা ঘাস) থাইল্যান্ডে ব্যাপক সফলতা অর্জন করায় বাংলাদেশ গর্বিত। মেয়র বলেন, থাইল্যান্ডের রাজার সফরের পূর্বে নগরীর বিভিন্ন পাহাড়গুলোর মালিকদের নিকট থেকে Vetiver Grass (বিল্লা ঘাস) প্রকল্প বাস্তবায়নে তাদের মতামত গ্রহন করা হবে।

বৈঠকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদোহা, প্রধান নগরপরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

২৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

শেখ রাসেল স্মৃতি সংসদের সভায় মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

মাননীয় মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, চক্রান্ত ও ষড়যন্ত্রের জাল ছিন্ন করে বঙ্গবন্ধুর আদর্শের ঐক্য অটুট রাখতে হবে। তিনি বলেন, সত্যের বিরুদ্ধে মিথ্যার তুলনা হয় না, সত্য চিরদিনই সত্য। আওয়ামীলীগ শতপ্রতিকূলতা শর্তেও সত্যের পথে কাজ করে যাচ্ছে। এদেশ ও জাতির কল্যাণে একমাত্র রাজনীতিক দল আওয়ামীলীগই জনকল্যাণে নিবেদিত। মেয়র বলেন, দেশ ও জাতির সার্বিক কল্যাণে অন্য কোন দলের অবদান আছে বলে জনগণ বিশ্বাস করে না। মায়ের ভাষার অধিকার, শিক্ষার অধিকার, বাঁচার অধিকার, স্বাধীনতা ও স্বাধীকার সহ প্রতিটি আন্দোলন ও সংগ্রামে একমাত্র আওয়ামীলীগই অবদান রেখে যাচ্ছে। রক্ত জীবন দান আর ত্যাগের মহিমায় এ দলের পথ চলা। তিনি আগামী জাতীয় নির্বাচনে সকলকে ঐক্যবদ্ধ থেকে জননেত্রী শেখ হাসিনার জন্য নিরলস ভাবে কাজ করার আহবান জানান। ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. সন্ধ্যায় নগরভবনের সম্মেলন কক্ষে রেয়াজউদ্দিন বাজার শেখ রাসেল স্মৃতি সংসদের নবগঠিত কমিটির পরিচিতি সভায় প্রধান অতিথির ভাষণে মেয়র এ আহবান জানান। সংগঠনের সভাপতি এম সাইফুদ্দীন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান উপদেষ্টা আলকরণ ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আলহাফ্জ আবদুর রহমান, সিনিয়র উপদেষ্টা মোহাম্মদ ইদ্রিস, উপদেষ্টা মো. মঈন উদ্দিন চৌধুরী, সাধারণ সম্পাদক মো. আবুল কালাম, সিনিয়র সহ সভাপতি এম আসলাম উদ্দিন, কাজী মোহাম্মদ মহসিন পাশা, সহ সভাপতি মো. কামাল পাশা, নূরুল ইসলাম, মো. নিজামুল হক, মো. নূরুল আলম বাবু, মো. রফিক, মো. খাইরুল আমিন, যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট মো. মোর্শেদ আলম চৌধুরী, সহ সাধারণ সম্পাদক হাজী মো. আবদুল গনি, এস এম ছৈয়দুল আলম, শাহাদাত হোসেন, মো. জামাল হোসেন, মো. খুরশিদ আলম, সাংগঠনিক সম্পাদক আবু হানিফ, ইয়াছিন আরাকাত লিলি, প্রচার

সম্পাদক দেলোয়ার সহ সদস্যবৃন্দ বক্তব্য রাখেন। সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন রেয়াজউদ্দিন বাজার শেখ রাসেল স্মৃতি সংসদের নবকমিটির নেতৃবৃন্দকে পরিচয় করিয়ে দেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন